দৈনিক ইত্তেফাক

তারিখ 0 3 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 6

003

# দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজী শিক্ষা বাধ্যতামূলক

বাসস জানায়, গতকাল রাত্রে প্রেসিডেন্ট এরশাদের সভাপতিত্বে মন্ত্রী পরিষদ এক বৈঠকে ১ম শ্রেণী হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজী বাধ্যতামূলক ভাষা হিসাবে চালুর সিদ্ধান্ত গ্রহণ করেন। সরকারী সূত্রে প্রকাশ, মন্ত্রী পরিষদ উদ্বেগের সঙ্গে সর্বাধিক গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ভাষা ইংরেজীর মানের অবনতি লক্ষ্য করেন এবং অনুভব করেন যে, এই প্রবণতা রোধ করিতে হইবে।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ইংরেজী শিক্ষা বাধ্যতামূলক

(১ম পৃঃ পর)

উচ্চতর পর্যায়ে ইংরেজীতে পরীক্ষা দেওয়া ছাত্রদের জন্য ঐচ্ছিক থাকিবে।

মন্ত্রী পরিষদ বর্তমানে গাজীপুর জেলায় অবস্থিত ইসলামিক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কুষ্টিয়া-ঝিনাইদহ জেলার সীমান্তে শান্তিডাঙ্গায় স্থানান্তরেরও সিদ্ধান্ত গ্রহণ করে।

মন্ত্রীপরিষদ ১৯৮৮-৮৯ সালের লবণনীতিও অনুমোদন করে। বৎসরের মোট চাহিদা একলক্ষ মণ মওজুদসহ সাড়ে ৭ লক্ষ টন নির্ধারণ করা হয়। প্রেসিডেন্ট লবণের মূল্য যাহাতে বৃদ্ধি না পায় তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলিকে নির্দেশ দেন।